গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

**বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব বাবলু কুমার সাহা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | ঃ | মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ। |
| তারিখ | ঃ | ০৮ আগস্ট ২০১৬ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক'। |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহিত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মনির হোসেন মন্ত্রিপরিষদ বিভাগের ১০ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক উদযাপনযোগ্য প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে আলোচ্য সূচী অনুযায়ী বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-যা নিম্নে পর্যায়ক্রমিকভাবে উপস্থাপন করা হলোঃ

| ক্র/নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.১ | জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা সংক্রান্ত; | সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার জাতীয় শোক দিবস উপলক্ষে সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান ও বেসকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে সরকার কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে আলোকে জাতীয় সঞ্চয় অধিদপ্তর ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার ভোর ০৬.০০ ঘটিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় (জাতীয় ক্রীড়া পরিষদ ভবন) জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে আলোচনায় হয়। | ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় (জাতীয় ক্রীড়া পরিষদ ভবন) ভোর ০৬.০০ ঘটিকা হতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। |
| ২.২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত; | আলোচনায় সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৬.৩০ ঘটিকায় ধানমন্ডি ৩২ নং রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অপর্ণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, জাতীয় কর্মসূচির সাঙ্গে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০১৬ | ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়ের মূল ফটকের সামনে রক্ষিত ও প্রদর্শিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্র/নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | খ্রিঃ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়ের মূল ফটকের সামনে রক্ষিত ও প্রদর্শিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সভাপতি মহোদয়ের প্রস্তাবে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | |
| ২.৩ | "জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী" শীর্ষক আলোচনা সভার আয়োজন সংক্রান্ত; | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্মেলন কক্ষে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে **"জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী"** শীর্ষক আলোচনা সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় মহাপরিচালক মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে "জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী" শীর্ষক আলোচনা সভায় সকলের সক্রিয় অংশ গ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কর্মকর্তা/ কর্মচারীগণের অংশ গ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্মেলন কক্ষে **"জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী"** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচ্য সভায় সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উপস্থিতি নিশ্চিত করতে হবে। |
| ২.৪ | জাতীয় শোক দিবস উপলক্ষে বিশেষ মোনাজাত সংক্রান্ত; | ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত আয়োজনের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অত্র অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিতব্য জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী শীর্ষক আলোচনা সভার পর বাদ জোহর বিশেষ মোনাজাত আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে। |

০৩। সভাপতি জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১.০৮.১৬

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
☏ ০২-৯৫৫৯৯০৮।
ই-মেইল: dg.nsd.bd@gmail.com